গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনার নিমিত্ত প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২৪) এর নৈতিকতা কমিটির প্রথম সভা'র কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **এ বি এম আমিন উল্লাহ নুরী**<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ৩১ জুলাই ২০২৪ |
| সময় | : | বেলা ২.০০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রারম্ভিক বক্তব্যে ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানানো হয়। তিনি সভায় উপস্থিত সকলকে তাঁদের ব্যক্তিগত জীবনে ও স্ব-স্ব দপ্তরে পেশাগত জীবনে উত্তম চর্চাকে গুরুত্ব সহকারে বিবেচনার অনুরোধ করা হয়। এ বিভাগের অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মাহবুবের রহমান এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠায় জোরালোভাবে কাজ করার আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে এ বিভাগের উপসচিব (অডিট) ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসানকে ২০২৪-২০২৫ অর্থবছরের এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২৪) লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করার আহ্বান জানান।

২.০ সাম্প্রতিক অস্থিতিশীল পরিস্থিতিতে ঢাকা মহানগরীর মেট্রোরেলের নিরাপত্তা নিশ্চিত করাসহ ক্ষয়ক্ষতি রোধে দায়িত্বশীল ভূমিকা পালন করায় সভায় ডিএমটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্য কর্মকর্তা এবং এ বিভাগের জনাব মোঃ আব্দুল মোক্তাদের, যুগ্মসচিব (বাজেট ও অডিট), জনাব মোস্তাইন বিল্লাহ, যুগ্মসচিব (পরিকল্পনা ও কার্যক্রম) ও জনাব নাজনীন ওয়ারেস, যুগ্মসচিব (এমআরটি)সহ সংশ্লিষ্টদের সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া এ পরিস্থিতিতে দ্রুততম সময়ে বিআরটিস'র ক্ষয়ক্ষতি নিরূপণ করে গণমাধ্যমকে অবহিত করায় চেয়ারম্যান, বিআরটিসিসহ এই দপ্তরের অন্যান্য কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৩.০ সভাপতির অনুমোদনক্রমে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র অনুসারে গত ৩০/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধন না থাকায় উপস্থাপিত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়।

৪.০ অতঃপর শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র অনুসারে বিগত ৩০/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২৪) বাস্তবায়ন পরিকল্পনা সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে। এই প্রসঙ্গে সভাপতি বিগত নৈতিকতা কমিটির সভার সকল সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

৫.০ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যবৃন্দ লক্ষ্যমাত্রাসমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। এ বিভাগের সূচক ৩.৩ বিআরটিসি যানবাহনে ETC সিস্টেম চালুকরণ কার্যক্রমের বিষয়ে বিআরটিসি'র আন্তঃজেলা বাসে ETC সিস্টেম সংযোজন করার জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। এ বিষয়ে বিআরটিসি'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বিআরটিসি'র আন্তঃজেলা রুটে চলাচলকারী টোল প্রদান সংশ্লিষ্ট সকল বাসে ETC সিস্টেম চালু করা হয়েছে। বর্তমান অর্থবছরে বিআরটিসি'র অন্যান্য যানবাহনে ETC সিস্টেম চালুকরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় অবহিত করেন যে, এ বিভাগের অন্যান্য সকল কার্যক্রমগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে।

৬.০ **সংস্থাসমূহের NIS লক্ষ্যমাত্রার বিপরীতে প্রথম প্রান্তিকের বাস্তবায়ন পর্যালোচনা :**

৬.১ **সড়ক ও জনপথ অধিদপ্তর** এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, NIS এর প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন চলমান রয়েছে। সকল কার্যক্রমগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে।

৬.২ **বিআরটিএ**'র জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সকল কার্যক্রম গৃহীত হয়েছে বলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ সভায় অবহিত করেন। তিনি যাত্রীদের মতামত/অভিযোগের জন্য "আপনি একজন নারী হিসাবে আপনার যাত্রাকালে যদি কোন ধরণের হয়রানীর শিকার হোন, তবে পরবর্তী বাস স্টপেজে ৯৯৯ এ ফোন করে আপনার অভিযোগটি অবহিত করে সহযোগিতা নিন" উল্লেখ করে সকল বাসে স্টিকার লাগানোর জন্য পরিবহন মালিক সমিতিকে অনুরোধ করার জন্য সভাপতি বিআরটিএ'র চেয়ারম্যানকে নির্দেশনা প্রদান করেন। বিআরটিএ'র ডিটিসিবি বোর্ডকে অধিকতর কার্যকর করার জন্য প্রতিটি জেলায় অনুষ্ঠিত ডিটিসিবি বোর্ডের কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার জন্য জেলা প্রশাসককে অনুরোধ পত্র প্রেরণের জন্য চেয়ারম্যান, বিআরটিএকে অনুরোধ করেন। এছাড়া প্রতিটি জেলায় সড়ক নিরাপত্তা কমিটির নিয়মিত সভা আয়োজন এবং কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার জন্য অনুরোধ করে প্রতিটি জেলার জেলা প্রশাসককে পত্র প্রেরণ করার পরামর্শ প্রদান করেন। বিআরটিএ'র সেবা সহজীকরণের লক্ষ্যে বিটিআরসি'র সাথে সমন্বয় করে একটি হটলাইন নাম্বার গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান। তিনি এই হট লাইন নাম্বারটি সেবা গ্রহিতার মোবাইলে ফোনে SMS এর মাধ্যমে এবং জনসাধারণকে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর জন্য বলেন। তিনি বলেন যে, সাম্প্রতিক সময়ে অস্থিতিশীল পরিবেশের কারণে বিআরটিএ'র ক্ষয়ক্ষতির কারণে মোটরযান সংক্রান্ত সেবা যথা : ফিটনেস, ট্যাক্স-টোকেন, রুট পারমিট, ড্রাইভিং লাইসেন্স নবায়ন বা হালনাগাদ, অগ্রীম আয়কর আদায় এবং গাড়ী নিবন্ধন হালনাগাদ করার সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। সেলক্ষ্যে "জরিমানা মওকুফ এবং কাগজপত্রের বৈধতার মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত" জরুরি বিজ্ঞপ্তি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং মোবাইলে এসএমএস প্রদান করার উপর সভাপতি গুরুত্বারোপ করেন।

৬.৩ **বিআরটিসি**'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে। "আপনি একজন নারী হিসাবে আপনার যাত্রাকালে যদি কোন ধরণের হয়রানীর শিকার হোন, তবে পরবর্তী বাস স্টপেজে ৯৯৯ এ ফোন করে আপনার অভিযোগটি অবহিত করে সহযোগিতা নিন" উল্লেখ করে বিআরটিসি'র সকল বাসে স্টিকার লাগানোর অনুরোধ করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। এছাড়া তিনি আরও উল্লেখ করেন যে, শারীরিক প্রতিবন্ধী যাত্রীদের যাত্রা স্বাচ্ছন্দ্য করার নিমিত্ত বিআরটিস''র গাড়ীতে র‍্যাম্প রাখার অনুরোধ করেন এবং প্রতিটি বাসে 'গাড়ীতে র‍্যাম্প আছে, প্রয়োজন হলে ড্রাইভার/হেলাপারের সহযোগিতা নিন' এই স্টিকার লাগানোর পরামর্শ প্রদান করেন।

৬.৪ **ডিটিসিএ**'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। সভাপতি এই দপ্তরের কর্মকর্তাদের জন্য Ciber Security সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার জন্য অনুরোধ জানান।

৬.৫ **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড** (ডিএমটিসিএল) এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে ডিএমটিসিএল'র প্রথম প্রান্তিকের নির্ধারিত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতা নেই উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যসমূহ শতভাগ অর্জন নিশ্চিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

৬.৬ **ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড** (ঢাকা বিআরটি) এর প্রতিনিধি সভাকে জানান যে প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নে গুরুত্বারোপ করা হয়।

৭.০ **সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | **<u>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ :</u>**<br>(ক) প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| (২) | **<u>সড়ক ও জনপথ অধিদপ্তর :</u>**<br>(ক) প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর। |

| | | |
|---|---|---|
| (৩) | **বিআরটিএ :**<br>(ক) "আপনি একজন নারী হিসাবে আপনার যাত্রাকালে যদি কোন ধরণের হয়রানীর শিকার হোন, তবে পরবর্তী বাস স্টপেজে ৯৯৯ এ ফোন করে আপনার অভিযোগটি অবহিত করে সহযোগিতা নিন" উল্লেখ করে দেশের সকল যাত্রীবাহী বাসে স্টিকার লাগানোর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) ডিটিসিবি বোর্ডকে অধিকতর কার্যকর করার জন্য প্রতিটি জেলায় অনুষ্ঠিত ডিটিসিবি বোর্ডের কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার জন্য জেলা প্রশাসককে অনুরোধ পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) প্রতিটি জেলায় সড়ক নিরাপত্তা কমিটির নিয়মিত সভা আয়োজন এবং কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার জন্য অনুরোধ করে প্রতিটি জেলার জেলা প্রশাসককে পত্র প্রেরণ করতে হবে।<br>(ঘ) বিআরটিএ'র সেবা সহজীকরণের লক্ষ্যে বিটিআরসি'র সাথে সমন্বয় করে একটি হটলাইন নাম্বার গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং হট লাইন নাম্বারটি সেবা গ্রহিতার মোবাইলে ফোনে SMS এর মাধ্যমে এবং জনসাধারণকে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানোর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(ঙ) "জরিমানা মওকুফ এবং কাগজপত্রের বৈধতার মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত" জরুরি বিজ্ঞপ্তি পত্রিকায় বিজ্ঞপ্তি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ। |
| (৪) | **বিআরটিসি :**<br>(ক) "আপনি একজন নারী হিসাবে আপনার যাত্রাকালে যদি কোন ধরণের হয়রানীর শিকার হোন, তবে পরবর্তী বাস স্টপেজে ৯৯৯ এ ফোন করে আপনার অভিযোগটি অবহিত করে সহযোগিতা নিন" উল্লেখ করে বিআরটিসি'র যাত্রীবাহী সকল বাসে স্টিকার লাগানোর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) প্রতিটি বাসে 'গাড়ীতে র‍্যাম্প আছে, প্রয়োজন হলে ড্রাইভার/হেলোপারের সহযোগিতা নিন' এই স্টিকার লাগানোর উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি। |
| (৫) | **ডিটিসিএ :**<br>(ক) এই দপ্তরের কর্মকর্তাদের জন্য Ciber Security সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| (৬) | **ডিএমটিসিএল :**<br>(ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| (৭) | **ঢাকা বিআরটি :**<br>(ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| (৮) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৬/০৯/২০২৪ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। চেয়ারম্যান, বিআরটিএ<br>২। প্রধান প্রকৌশলী, সওজ<br>৩। চেয়ারম্যান, বিআরটিসি<br>৪। নির্বাহী পরিচালক, ডিটিসিএ<br>৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল<br>৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |

৮.০ এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুসারে প্রথম প্রান্তিকের সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার এবং সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ এবং দাখিলের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করে NIS Software-এ প্রমাণক আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৯.০ আর কোনো বিষয় আলোচনায় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০১.২৪-১১৭

তারিখ : ১৭ শ্রাবণ ১৪৩১ / ০১ আগস্ট ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৫। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও; ঢাকা।
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা।
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

১/৮/২৪

(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮